গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
(প্রশাসনিক বিভাগ)
বাগেরহাট।
bagerhat.judiciary.gov.bd

স্মারক নং- প্রঃবিঃ/৩৪/১৭/১৯৩ তারিখ ঃ ২৯ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ। / ১৪ অক্টোবর, ২০২৪ খ্রিস্টাব্দ।

**ক্রিমিনাল রুলস এন্ড অর্ডারস, ২০০৯ এর ৮৫(৩) নং রুলের বিধান মতে বাগেরহাট জেলার বাগেরহাট সদর মডেল থানা পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন-**

নিম্নস্বাক্ষরকারী বিগত ০৫/১০/২০২৪ খ্রি. তারিখ শনিবার বাগেরহাট জেলার বাগেরহাট সদর মডেল থানা পরিদর্শন করি। সংশ্লিষ্ট থানায় সংরক্ষিত বিভিন্ন রেজিস্টারসমূহ পরিদর্শনের ভিত্তিতে বিগত ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত বিভিন্ন রেজিস্টারসমূহ পরিদর্শনে দেখা যায় ১৯৮৪ খ্রিস্টাব্দে বর্তমান ভবনে থানার কার্যক্রম শুরু হয়। ইহার অধীনে ১ (এক) টি পুলিশ ফাঁড়ি, ১ (এক) টি পুলিশ তদন্ত কেন্দ্র ও ১ (এক) টি পুলিশ ক্যাম্প আছে। এই থানায় বর্তমানে ৩ (তিন) জন ইন্সপেক্টর, ১৮ (আঠার) জন সাব-ইন্সপেক্টর, ১৪ চৌদ্দ) জন এ্যাসিসটেন্ট সাব-ইন্সপেক্টর ও ৪৬ (ছেচল্লিশ) জন কনস্টবল কর্মরত আছে।

**১. সম্পত্তি রেজিস্টার ঃ** ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সম্পত্তি রেজিস্টারটি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত সময়ের পূর্বের অনিষ্পন্ন আলামত ছিল ৫৩টি, উক্ত সময়ে প্রাপ্ত হয় ৭৯ টি, নিষ্পত্তি হয় ৭৯ টি। বর্তমান মুলতবী ৫৩ টি। উক্ত রেজিস্টারটি সঠিকভাবে প্রত্যায়ণ করা আছে।

**২. ওয়ারেন্ট রেজিস্টার (জি আর) ঃ** ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ওয়ারেন্ট (জি আর) রেজিস্টারটি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত সময়ের পূর্বের অনিষ্পন্ন ওয়ারেন্ট ছিল ৪৭৪ টি, উক্ত সময়ে প্রাপ্ত হয় ১৫৯ টি, নিষ্পত্তি হয় ১৮১ টি। বর্তমান মুলতবী ৪৫২ টি। উক্ত রেজিস্টারটি সঠিকভাবে প্রত্যায়ণ করা আছে।

**৩. ওয়ারেন্ট রেজিস্টার (সি আর) ঃ** ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ওয়ারেন্ট (সি আর) রেজিস্টারটি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত সময়ের পূর্বের অনিষ্পন্ন ওয়ারেন্ট ছিল ৩২৭ টি, উক্ত সময়ে প্রাপ্ত হয় ২৫৬ টি, নিষ্পত্তি হয় ২১৫ টি। বর্তমান মুলতবী ৩৬৮ টি। উক্ত রেজিস্টারটি সঠিকভাবে প্রত্যায়ণ করা আছে।

**৪. জি আর (সাজা) ওয়ারেন্ট রেজিস্টার ঃ** ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত জি আর ওয়ারেন্ট (সাজা) রেজিস্টারটি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত সময়ের পূর্বের অনিষ্পন্ন ওয়ারেন্ট ছিল ১৪৮ টি, উক্ত সময়ে প্রাপ্ত হয় ১৭ টি, নিষ্পত্তি হয় ১৩ টি। বর্তমান মুলতবী ১৫২ টি। উক্ত রেজিস্টারটি সঠিকভাবে প্রত্যায়ণ করা আছে।

**৫. সি আর (সাজা) ওয়ারেন্ট রেজিস্টার ঃ** ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সি আর ওয়ারেন্ট (সাজা) রেজিস্টারটি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত সময়ের পূর্বের অনিষ্পন্ন ওয়ারেন্ট ছিল ১৯৪ টি, উক্ত সময়ে প্রাপ্ত হয় ৬৯ টি, নিষ্পত্তি হয় ৪০ টি। বর্তমান মুলতবী ২২৩ টি। উক্ত রেজিস্টারটি সঠিকভাবে প্রত্যায়ণ করা আছে।

**৬. জি আর ক্রোকি পরোয়ানা রেজিস্টার ঃ** ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত জি আর ক্রোকি পরোয়ানা রেজিস্টারটি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত সময়ের জি আর ক্রোকি পরোয়ানা প্রাপ্ত হয় ১২ টি, নিষ্পত্তি হয় ১২ টি। উক্ত রেজিস্টারটি সঠিকভাবে প্রত্যায়ণ করা আছে।

**৭. সি আর ক্রোকি পরোয়ানা রেজিস্টার ঃ** ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সি আর ক্রোকি পরোয়ানা রেজিস্টারটি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত সময়ে সি আর ক্রোকি পরোয়ানা প্রাপ্ত হয় ২০ টি, নিষ্পত্তি হয় ২০ টি। উক্ত রেজিস্টারটি সঠিকভাবে প্রত্যায়ণ করা আছে। উক্ত রেজিস্টারে লেভি ওয়ারেন্ট এর বিষয়ে সামগ্রিকভাবে উল্লেখ আছে। কিন্তু লেভি ওয়ারেন্ট এর কোন আলাদা রেজিস্টার নেই।

**৮. মামলা রুজু রেজিস্টার ঃ** ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত মামলা রুজু রেজিস্টারটি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত সময়ের মামলা রুজু হয় ২৮৮ টি, নিষ্পত্তি হয় ২০৮ টি। বর্তমান মুলতবী ৭৯ টি। উক্ত রেজিস্টারটি সঠিকভাবে প্রত্যায়ণ করা আছে।

**৯. ইউডি রেজিস্টার ঃ** ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ইউডি রেজিস্টারটি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত সময়ের ইউডি কেস প্রাপ্ত হয় ৪৪ টি, নিষ্পত্তি হয় ৩৪ টি। বর্তমান মুলতবী ১০ টি।

**১০. অভিযোগ রেজিস্টার ঃ** ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত উক্ত রেজিস্টারটি পর্যালোচনা করে দেখা যায় যে, উক্ত রেজিস্টারটিতে ২২৬৭ টি অভিযোগ লিপিবদ্ধ আছে। উক্ত রেজিস্টারটি সঠিকভাবে প্রত্যায়ণ করা আছে।

**১১. শ্রবণ রেজিস্টার ঃ** ০১/০৪/২০২৪ খ্রি. তারিখ হতে ০৪/১০/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত উক্ত রেজিস্টারটি ৩৮৪৬টি তথ্য লিপিবদ্ধ করা হয়েছে। উক্ত রেজিস্টারটি সঠিকভাবে প্রত্যায়ণ করা আছে।

**১২. পরিচ্ছন্নতা ঃ** থানার মধ্যে পরিস্কার পরিচ্ছন্নতা সন্তোষজনক ছিলো। থানায় কর্মরত বিভিন্ন পুলিশ সদস্যদের পোষাক পরিচ্ছদ যথাযথ ছিলো। থানার অফিসার ইন-চার্জসহ অন্যান্য কর্মকর্তাদের আদালতের আদেশ বাস্তবায়নে এবং সেবা প্রার্থীদের সেবাদানে আন্তরিক মনে হয়েছে।

**১৩. থানার ভবন ঃ** এই ভবনটি ১৯৮৪ সালে নির্মিত হয়। কিন্তু ভবনটির বর্তমান অবস্থা কিছু কিছু স্থানে খুবই ঝুঁকিপূর্ণ। এই ভবনের ছাদের পলেস্টার ফাঁটল ধরেছে, যে কোন সময় পলেস্টার খুলে পড়ে দুর্ঘটনা ঘটতে পারে। ভবনটির ঝুঁকিপূর্ণ জায়গাগুলিতে দ্রুত মেরামত করা আবশ্যক বলে মনে হয়।

**১৪. নারী, শিশু, বয়স্ক প্রতিবন্ধী ডেস্ক ঃ** অত্র থানায় নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী ডেস্ক-এর কার্যক্রম সন্তোষজনক মনে হয়েছে। নারী, শিশু ও বয়স্কদের তাৎক্ষনিকভাবে রাখার জন্য আলাদা দুটি রুম আছে। এই ডেস্কে সংরক্ষিত রেজিস্টারটিতে মামলা এবং অনান্য প্রসেডিং সংক্রান্ত আইনগত বিষয়ে অফিসার ইন-চার্জকে যথেষ্ঠ দক্ষ ও তৎপর মনে হয়েছে।

<u>নির্দেশনাসমূহঃ</u>

১. আমলী আদালতের গ্রেফতারী পরোয়ানা, হুলিয়া ও ক্রোকি পরোয়ানাসমূহ দ্রুত তামিলের ক্ষেত্রে তামিলকারী পুলিশ অফিসারকে “Criminal Rules & Orders (Practice & Procedure of Subordinate Courts), 2009” এর বিধি-৬৫ এবং বিধি ৬৮ যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২. সাজাপ্রাপ্ত আসামীদের প্রতি ইস্যুকৃত গ্রেফতারী পরোয়ানা অগ্রাধিকার ভিত্তিতে তামিল করতে হবে।

৩. মামলার তদন্তকালে কিংবা জিডিমূলে প্রাপ্ত আলামত জব্দ তালিকামূলে জব্দ করে উক্ত আলামত অতি দ্রুত আদালতে উপস্থাপন করতে হবে।

৪. থানার মালখানায় ও চত্বরে জিডিমূলে জব্দকৃত দাবিদারহীন অনিষ্পন্ন পুরাতন আলামত সমূহ নিষ্পত্তির বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫. মামলার অনুসন্ধান ও তদন্তের ক্ষেত্রে পূর্বের ভুলত্রুটি সংশোধন করতে হবে এবং তদন্তের মনোনয়নে আরও বেশী যত্নবান হতে হবে।

৬. জিডির আবেদন কোর্টে প্রেরণ করার কোন রেজিস্টার না থাকায় উক্ত রেজিস্টারটি সংরক্ষণ করতে হবে।

৭. লেভি ওয়ারেন্ট রেজিস্টার আলাদাভাবে সংরক্ষণ করতে হবে।

স্বাক্ষরিত/১৪/১০/২০২৪ খ্রি.
(মোঃ ওসমান গনি)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
বাগেরহাট।
গ্রেডেশন নং-৪০৭।

স্মারক নং- প্রঃবিঃ/৩৪/২৪/১৯৩(১-৩)

তারিখ ঃ ২৯ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ। / ১৪ অক্টোবর, ২০২৪ খ্রিস্টাব্দ।

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ</u>

১. মাননীয় জেলা ও দায়রা জজ, বাগেরহাট।
২. পুলিশ সুপার, বাগেরহাট।
৩. অফিসার ইন-চার্জ, সদয় মডেল থানা, বাগেরহাট।

১৪/১০/২০২৪ খ্রি.
(মোঃ ওসমান গনি)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
বাগেরহাট।